

## সূচিপত্র তল্লাশ ও রেজিস্টার বহি পরিদর্শন ফিসঃ

সূচিপত্র তল্লাশ ফিস নিম্নরূপঃ

**এফ (১) তল্লাশি ফিসঃ** কোন নির্দিষ্ট কার্যালয়ের প্রতি দলিলে সংশ্লিষ্ট ব্যক্তির নাম বা অন্তর্ভুক্ত সম্পত্তির বিবরণ সংক্রান্ত প্রতিটি ভুক্তির সূচি তল্লাশির ক্ষেত্রেঃ

(i) এক বছরের জন্য- ২০ টাকা

(ii) একাধিক বৎসরের ক্ষেত্রে, প্রথম বৎসরের জন্য- ২০ টাকা এবং অতিরিক্ত প্রতি বৎসরের জন্য- ১৫ টাকা।

রেজিস্টার বহি পরিদর্শন ফিস নিম্নরূপঃ

**এফ (২) পরিদর্শন ফিসঃ** ১, ৩ ও ৪ নং বহিতে অন্তর্ভুক্ত প্রতিটি নকল অথবা অন্যান্য রেজিস্টার বা বহি বা কোন সুনির্দিষ্ট দলিল বা নথির কোন পৃষ্ঠা পরিদর্শনের জন্য- ১০ টাকা।

তবে শর্ত এই যে,

(ক) কোন নির্দিষ্ট অফিসের সূচিবহিতে অন্তর্ভুক্ত কোন একটি নাম বা সম্পত্তির বিবরণ তল্লাশির ক্ষেত্রে ফি'র পরিমাণ ১৫০ টাকার অধিক হবে না।

(খ) যদি কোন আবেদনকারী কোন নির্দিষ্ট বৎসরের নির্দিষ্ট কোন ভুক্তি তল্লাশির জন্য আবেদন দাখিলক্রমে আবেদনে নিরূপিত প্রাপ্যতার অধিক ভুক্তি সম্পর্কে টাকা গ্রহণ করে, তাহলে তাকে আবেদনকালীন সময় জমাকৃত ফি বাদ দিয়া মোট ১৫০ টাকা পরিশোধ করিতে হইবে।

(গ) যদি কোন দলিলের নকল সংগ্রহের জন্য আবেদনের সহিত নিবন্ধিত মূল দলিল বা উহার সত্যায়িত অনুলিপি দাখিল করা হয়, কিংবা যদি কোন দলিল নিবন্ধনের সময় উহার নকল পাইবার জন্য আবেদন দাখিল করা হয়, তবে কোন তল্লাশি ফি প্রদান করিতে হইবে না।

(ঘ) ধারা ৭২, ধারা ৭৩ ও ধারা ৭৪ অনুসারে কোন মামলা সংক্রান্ত একটি নথি অথবা কতিপয় নথিপত্র পরিদর্শনের জন্য আবেদন দাখিল করা হইলে দফা এফ (২) অনুসারে কেবলমাত্র একটি পরিদর্শন ফি প্রদান করিতে হইবে।